সংবাদ

তারিখ ... 04 JUN 2015 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...



# শেষ হলো জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০১৫

তথ্যপ্রযুক্তি প্রতিবেদক

'বাংলাদেশের শিক্ষার্থীদের মেধা বিশ্বমানের। আর বিভিন্ন ক্ষেত্রে এর প্রমাণও দিচ্ছে বাংলাদেশের মেধাবীরা। প্রোগ্রামিংয়ের বিশ্ব আসরে আমাদের শিক্ষার্থীরাও যাতে নিয়মিত ভালো করতে পারে সে চেষ্টা করা হবে। পাশাপাশি প্রোগ্রামিংয়ের আন্তর্জাতিক আসরে বাংলাদেশের শিক্ষার্থীদের ভালো করতে পারে সে বিষয়ে আলাদা নজর দেয়া হবে।' গত ২৯ মে ঢাকার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা'র চূড়ান্ত পর্বে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। 'জানুক সবাই, দেখাও তুমি' স্লোগানে শিক্ষার্থীদের প্রোগ্রামিংয়ের প্রতি আগ্রহী করে তুলতে দেশে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় এ প্রতিযোগিতা। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে মে মাস জুড়ে সারাদেশে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ২৯ মে বুয়েটের সিইসি ভবনে প্রতিযোগিতায় ৭টি বিভাগ এবং ঢাকা মহানগরসহ মোট ৮টি আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ীরা অংশ নেয়। চূড়ান্ত পর্বের এ আয়োজনে সর্বমোট ৯৯৩ জন শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে আইসিটি কুইজে (জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি ক্যাটাগরির) ৮০৩ জন এবং প্রোগ্রামিং প্রতিযোগিতায় (জুনিয়র ও সিনিয়র ক্যাটাগরির) ১৭০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। বিকেলে সমাপনী ও পুরস্কার বিতরণী পর্বে কুইজ প্রতিযোগিতায় মোট ৫৯ জনকে পুরস্কার দেয়া হয় এবং প্রোগ্রামিং প্রতিযোগিতায় জুনিয়র ও সিনিয়র ক্যাটাগরিতে যথাক্রমে ১৬ ও ২০ জন করে মোট ৩৬ জন শিক্ষার্থীকে বিজয়ী ঘোষণা করা হয়। প্রোগ্রামিং প্রতিযোগিতায় জুনিয়র ক্যাটাগরিতে প্রথম হয়েছে খুলনার মওদুদ হাসান এবং সিনিয়র ক্যাটাগরিতে প্রথম হয়েছে চট্টগ্রামের আসিফ জাওয়াদ।

সমাপনী অনুষ্ঠানে বুয়েটের উপাচার্য অধ্যাপক খালেদা একরাম'র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বুয়েটের অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রোগ্রামিং প্রতিযোগিতায় আমাদের শিক্ষার্থীরা খুবই ভাল ফলাফল করেছে। এই উদ্যোগের মাধ্যমে হাইস্কুল পর্যায়েও আমাদের শিক্ষার্থীরা ভাল করবে। বক্তারা বলেন, চলতি বছর থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতা প্রোগ্রামিংয়ে আগ্রহী ছেলে মেয়েদের বিশ্বমানের প্রোগ্রামার হতে অনুপ্রেরণা যোগাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব মো: হারুনুর রশিদ, বুয়েটের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. মোহাম্মদ মাহফুজুল ইসলাম, রবি আজিয়াটা লিমিটেডের ভাইস প্রেসিডেন্ট ইকরাম কবির, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান, আর টিভির প্রধান নির্বাহী সৈয়দ আশিক রহমান, ধানসিড়ি কমিউনিকেশনের ব্যবস্থাপনা পরিচালক শমী কায়সারসহ অনেকে। অনুষ্ঠান শেষে প্রোগ্রামিং প্রতিযোগিতার বিজয়ীদের মধ্য থেকে সেরা ৪৬ জন এবং কুইজ প্রতিযোগিতা থেকে ৭ জনসহ মোট ৫৩ জনকে ক্যাম্পের জন্য নির্বাচিত করা হয়েছে। উল্লেখ্য, ৮ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে 'ঢাকা মহানগর আঞ্চলিক পর্ব' দিয়ে শুভ সূচনা হয়েছে এ বছরের আয়োজনের। মোট ৮টি অঞ্চলে অনুষ্ঠিত হয় এই প্রতিযোগিতা। অঞ্চল গুলো হচ্ছে: রংপুর, রাজশাহী, খুলনা, সিলেট, চট্টগ্রাম, বরিশাল, ঢাকা মহানগর ও ঢাকা বিভাগ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এ প্রতিযোগিতার পৃষ্ঠপোষকতায় রয়েছে রবি আজিয়াটা লিমিটেড ও আনোয়ার ইস্পাত। সহযোগিতায় বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) ও ধানসিড়ি কমিউনিকেশন এবং একাডেমিক সহযোগিতায় কোডমার্শাল ও থিমিক কম্পিউটিং স্কুল, টিভি পার্টনার হিসেবে ছিল আরটিভি। প্রতিযোগিতার সম্পর্কে বিস্তারিত জানা যাবে www.nhspc.org এবং www.facebook.com/nhspcbd এই ঠিকানায়।